

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২১৫

সোনামুড়া, ১৪ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০  
নলছড় রাজে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি নলছড় রাজের তকছাপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১০৮ জনকে ইনকাম সার্টিফিকেট, ১১০ জনকে পিআরআরটিসি, ৬৫ জনকে এসসি, ৫৫ জনকে এসটি, ৫৬ জনকে ওবিসি, ৩৬ জনকে ম্যারেজ সার্টিফিকেট প্রদানের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ১০ জন কৃষককে কিষাণ ক্রেডিট কার্ড প্রদানে এবং ৮ জনকে প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি প্রকল্পের আওতায় আনার জন্য নাম নথিভুক্ত করা হয়। বন দপ্তর থেকে ২০০ জনকে বিভিন্ন গাছের চারা দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ৯৮টি পরিবারের গৃহপালিত পশুপাখির জন্য বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। শিবিরে ২৭ জনের চোখের চিকিৎসা করে চশমা দেওয়ার পাশাপাশি আত্ম কার্ডে নাম নথিভুক্ত করার জন্য ৫৫ জনের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়।

\*\*\*\*\*